# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.২৩ জুমু'আর হুকুম ও ইতিকথা - ১২৩. জুমু'আর সালাতের হুকুম কী?

ফরয; তবে ঐসব পুরুষদের জন্য, যাদের উপর জামা'আতে সালাত আদায় করা ওয়াজিব।আল্লাহ তাআলা বলেন,

“হে মুমিনগণ! জুমু'আর দিন যখন সালাতের জন্য আহ্বান করা হয়, তখন তোমরা আল্লাহর যিকিরে (অর্থাৎ সালাত আদায়ের জন্য) ছুটে আস।” (সূরা ৬২; জুমু'আ ৯)। উল্লেখ্য যে, ‘ফাস'আউ’ শব্দের অর্থ এখানে দৌড়ানো উদ্দেশ্য নয়। অর্থাৎ আযান হওয়ামাত্র সকল কাজ বাদ দিয়ে সালাত আদায়কে সবকিছুর উপর গুরুত্ব ও প্রাধান্য দেওয়া এখানে উদ্দেশ্য। এখানে এ অর্থই বুঝানো হয়েছে। সালাতে দৌড়ে আসতে হবে- এটা বুঝানো হয়নি। কারণ দৌড়ে এসে সালাতে শরীক হওয়ার ব্যাপারে হাদীসে নিষেধাজ্ঞা রয়েছে। সালাতে আসতে হয় খুশু-খুযু, ভয়-ভীতি ও বিনয়ের সঙ্গে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13022

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন